যুব বার্তা

ত্রৈমাসিক সংবাদ সাময়িকী

যুব উন্নয়ন অধিদপ্তর

জানুয়ারি-মার্চ ২০১৪ ২৭তম সংখ্যা

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীর বিদায়, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর শুভাগমন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নুকে ফুলেল শুভেচ্ছা দিয়ে বিদায় জানাচ্ছেন যুব ও ক্রীড়া সচিব নূর মোহাম্মদ

নবাগত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার কে ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করছেন সচিব নূর মোহাম্মদ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নবাগত উপমন্ত্রী আরিফ খান জয় কে ফুলেল শুভেচ্ছা জানান সচিব নূর মোহাম্মদ

ফরিদপুর জেলা কার্যালয়ে কর্মকর্তাদের সাথে প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এমপি এর মতবিনিময়

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এমপি ২১ জানুয়ারি ফরিদপুর জেলা কার্যালয়ে কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। প্রধান অতিথি তার বক্তব্যে প্রশিক্ষণের গুণগতমান বৃদ্ধির মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টির বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি অধিদপ্তরের মাধ্যমে যুব সংগঠনসমূহকে রেজিস্ট্রেশন প্রদান সংক্রান্ত আইন মন্ত্রীসভায় অনুমোদন হওয়ার বিষয়টি সকলকে অবহিত করেন। যুব ঋণের সিলিং এবং যুব কল্যাণ তহবিলের অনুদানের পরিমাণ বৃদ্ধির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। এছাড়া যুবদের উন্নয়নে এবং অধিদপ্তরের বিভিন্ন সমস্যার বাস্তবসম্মত সমাধানে কাজ করে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। উক্ত সভায় আরো উপস্থিত ছিলেন জাতীয় ক্রীড়া পরিষদ সচিব শিবনাথ রায়, সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আবু হেনা মোরশেদ জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশাসন ও অর্থ) গোলাম মেজবাহ উদ্দিন। উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোঃ জামিল হাসান, উপ-পরিচালক মঈনুল ইসলাম ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

ভেতরের পাতা

* মাগুরায় মতবিনিময়, সনদপত্র বিতরণ ও ২১তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠান - ২ পৃঃ
* ২১২টি মোটর সাইকেল বিতরণ - ২ পৃঃ
* ঝিনাইদহে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এম পি -এর মতবিনিময় সভা - ২ পৃঃ
* চট্টগ্রাম জেলায় মতবিনিময় সভা - ২ পৃঃ
* রংপুর বিভাগীয় যুব মেলা, যুব মতবিনিময় কর্মশালা - ৩ পৃঃ
* নেত্রকোণা জেলার কর্মকর্তা ও কর্মচারীদের সাথে উপমন্ত্রীর মতবিনিময় - ৩ পৃঃ
* যুব পরিবারের বনভোজন - ৩ পৃঃ
* ঈড়সঢ়ঁঃবৎ ইধংবফ এৎধরহরহম চৎড়মৎধস - ৪ পৃঃ
* যুব সমাবেশ ২০১৩ আয়োজিত - ৫ পৃঃ
* প্রশিক্ষণের জানালা - ৫ পৃঃ
* এ টু আই প্রোগ্রামের আওতায় ইনোভেশন - ৫ পৃঃ
* সমঝোতা স্মারক স্বাক্ষরিত - ৬ পৃঃ
* পটুয়াখালীতে মতবিনিময় সভা - ৬ পৃঃ
* মহান স্বাধীনতা দিবস- ২০১৪ইং উদ্‌যাপন - ৭ পৃঃ
* লাখো কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন - ৭ পৃঃ
* সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস - ৭ পৃঃ
* যুব তথ্য কণিকা - ৭ পৃঃ
* বিসিএস (প্রশাসন) কর্মকর্তাদের যুব কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান - ৮ পৃঃ
* যুব পরিবারের সাফল্যকথা - ৮ পৃঃ

প্রকাশনায়:
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ই-মেইল ঃ publication79@yahoo.com
ওয়েব সাইট ঃ www.dyd.gov.bd

মাগুরায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এম,পি এর সংবর্ধনা, মতবিনিময়, সনদপত্র বিতরণ ও ২১তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠান

প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এম,পি সনদপত্র বিতরণ করছেন

২৫ জানুয়ারি তারিখে মাগুরা যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এম,পি এর সংবর্ধনা, মতবিনিময়, সনদপত্র বিতরণ ও ২১তম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন শ্রী বীরেন শিকদার এম,পি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মাসুদ আহমদ। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) গোলাম মেজবাহ উদ্দিন, পুলিশ সুপার মোঃ জিহাদুল কবীর, যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ দবির হোসেন, যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডেপুটি কো-অর্ডিনেটর এ, কে,এম আহ্সানুল কবীর, মাগুরা যুব উন্নয়ন অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, মাগুরা জেলার অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, সুধীবৃন্দ, সাংবাদিক ও ইলেকট্রনিক মিডিয়ার কর্মীবৃন্দ এবং যুব উন্নয়ন অধিদপ্তরের প্রাক্তন ও বর্তমান প্রশিক্ষণার্থীবৃন্দ।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের ২১২টি মোটর সাইকেল বিতরণ

মোটরসাইকেল বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ

১০ ফেব্রুয়ারি বিকাল ৩টায় যুব ভবনের সম্মেলন কক্ষে "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ২১২টি উপজেলায় মোটর সাইকেল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি এবং বিশেষ অতিথি ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রকল্প পরিচালক ড. শেখ হারুনুর রশিদ আহমদ।

সচিব নূর মোহাম্মদ বলেন, মানুষের গতি বাড়ার সাথে সাথে কর্মদক্ষতা ও কাজের পরিধি বেড়ে যায়, এই মোটর সাইকেলও কাজের পরিধি বাড়াবে।

প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার বলেন ২০২১ সালে বাংলাদেশ নিজের পায়ে দাঁড়াবে মাননীয় প্রধানমন্ত্রীর এই ঘোষণার সঠিক বাস্তবায়নের লক্ষ্যে আমাদের এগিয়ে যেতে হবে। ১২ টি উপজেলার কর্মকর্তার হাতে প্রতিমন্ত্রী মোটরসাইকেলের চাবি হস্তান্তর করেন।

ঝিনাইদহে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এম পি -এর মতবিনিময় সভা

প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি মতবিনিময় সভায় বক্তব্য প্রদান করছেন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি - এর ১১ মার্চ/২০১৪ খ্রিঃ ঝিনাইদহ আগমন ও যুব কার্যক্রম আরো গতিশীল করণে মতবিনিময় বিষয়ক সভার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আসন অলংকৃত করেন। বিশেষ অতিথি হিসেবে মোঃ শফিকুল ইসলাম, জেলা প্রশাসক ,ঝিনাইদহ, মোঃ আব্দুল ওয়াহেদ জোয়ার্দার. প্রশাসক, জেলা পরিষদ, ঝিনাইদহ, রনজিৎ কুমার দাস, প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কনক কান্তি দাস, উপজেলা চেয়ারমান, ঝিনাইদহ সদর। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক অসিত কুমার মুকুটমনি।

প্রধান অতিথি কর্মসূচিতে যুব দপ্তরের ভূয়সী প্রশংসা করেন। তিনি যুব কার্যাক্রম আরো গতিশীল করণে মতবিনিময় সভায় গৃহিত সুপারিশমালা বাস্তবায়নে আশ্বাস প্রদানের মাধ্যমে ভাষণ শেষ করেন।

চট্টগ্রাম জেলায় মতবিনিময় সভা এবং ঋণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন" বিষয়ক আঞ্চলিক কর্মশালা

২৫ মার্চ যুব প্রশিক্ষণ কেন্দ্র, হালিশহর, চট্টগ্রামে ঋণ কর্মসূচি বাস্তবায়ন ও মূল্যায়ন" বিষয়ক আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার। মহাপরিচালক অসিত কুমার মুকুটমণির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) এরশাদ- উর- রশীদ।

অনুষ্ঠানের প্রধান অতিথি প্রতিমন্ত্রী উপস্থিত সকল কর্মকর্তা/ কর্মচারীদের, যুব সংগঠক এবং আত্মকর্মীদের সাথে মত বিনিময় করেন এবং বলেন রাষ্ট্রের কাছে নিজেদের সুযোগ সুবিধার দাবি অযৌক্তিক নয় তবে এর জন্য নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে, কাজের মাধ্যমে আমাদের অধিকার আদায় করে নিতে হবে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার। মহাপরিচালক অসিত কুমার মুকুটমণির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এরশাদ- উর- রশীদ।

রংপুর বিভাগীয় যুব মেলা, যুব মতবিনিময় কর্মশালা

রংপুর বিভাগীয় যুব মেলার শুভ উদ্বোধন করছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এম.পি।

রংপুর এবং উত্তরবঙ্গের ০৭টি জেলায়বেকার যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রকল্পের যৌথ উদ্যোগে ২৮-৩০ দিন ব্যাপী রংপুর বিভাগীয় যুব মেলা টাউনহল চত্বরে অনুষ্ঠিত এবং ২৮ মার্চ দিন ব্যাপী যুব মতবিনিময় সভা এবং প্রকল্পের অগ্রগতি ও প্রতিবেদন পর্যালোচনা এবং সমাধানের উপায় নিরূপণ শীর্ষক কর্মশালা রংপুর টাউনহলে অনুষ্ঠিত হয়েছে। ২৮ মার্চ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায় রংপুর টাউনহলে বিভাগীয় যুব মেলা, যুব মতবিনিময় এবং কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার এম.পি। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর সিটি কর্পোরেশনের মেয়র সরফুদ্দীন আহমেদ ঝন্টু। স্বাগত বক্তব্য রাখেন জেলা প্রশাসক রংপুরের প্রতিনিধি স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মোঃ এরশাদুল হক।

শুভেচ্ছা বক্তব্য রাখেন রংপুর মহানগর আওয়ামীলীগের সভাপতি মোঃ মমতাজ উদ্দিন। যুব মেলা, মতবিনিময় সভা ও কর্মশালার লক্ষ্য উদ্দেশ্য উপস্থাপন করেন প্রকল্প পরিচালক ও মেলা সমন্বয়কারী মোঃ নজরুল ইসলাম। প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী বলেন, আমি এ মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়ে নিজেকে ধন্য মনে করছি এবং গর্ব বোধ করি। কারণ যুবসমাজ দেশের মূল চালিকা শক্তি। সর্বক্ষেত্রে তাদের অবদান অনস্বীকার্য। তাদেরকে যোগ্য করে তুলতে পারলে দেশ ও জাতি সমৃদ্ধ হবে, যুবদের ভবিষ্যৎ নিশ্চিত হবে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়ত হবে।

নেত্রকোণা জেলার কর্মকর্তা ও কর্মচারীদের সাথে উপমন্ত্রীর মতবিনিময়

২২ জানুয়ারি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপমন্ত্রী আরিফ খান জয় নেত্রকোণা জেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় করেন। জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. আবুল কালাম আজাদ।

স্বাগত বক্তব্য প্রদান করেন উপপরিচালক (চঃদাঃ) অলকা প্রভা দে। উপমন্ত্রী তার বক্তব্যে বলেন- সকল কর্মকর্তা কর্মচারীদেকে নিজ নিজ দায়িত্ব পালনে আরও কঠোর পরিশ্রমী ও সচেতন হতে হবে।

সভাপতির বক্তব্য প্রদান কালে জেলা প্রশাসক ড. আবুল কালাম আজাদ নেত্রকোণা জেলাকে যুব উন্নয়নের মডেল হিসেবে প্রতিষ্ঠিত করার আশাবাদ ব্যক্ত করেন।

উপমন্ত্রী আরিফ খান জয়কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন নেত্রকোনার উপপরিচালক (চঃদাঃ) অলকা প্রভা দে

যুব পরিবারের বনভোজন

৩১ জানুয়ারি সাভারস্থ শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে যুব পরিবারের সদস্যদের জন্য পিকনিকের আয়োজন করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ এবং মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি সস্ত্রীক যোগ দেন। পরিবারের সদস্যবৃন্দসহ অধিকাংশ কর্মকর্তা ও কর্মচারীগণ পিকনিকে অংশগ্রহণ করেন।

চমৎকার সব আয়োজন যেমন জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় অভ্যন্তরীন লেকে শীতকালিন পাখি দেখা, জাতীয় স্মৃতিসৌধ পরিদর্শন ও শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন ইত্যাদি। এছাড়াও নানা রকম খেলার আয়োজনসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি কবিতা আবৃতি ও সস্ত্রীক সংগীত পরিবেশন করেন। অন্যান্য কর্মকর্তা কর্মচারীগণ ও তাদের সন্তানেরা স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেন। শীতকালীন পিঠা খাওয়ার মধ্য দিয়ে শেষ হয় খাবার-দাবার পর্ব। সব শেষে ১২ জন কর্মকর্তাকে অবসর গ্রহণের জন্য আনুষ্ঠানিক বিদায় জানানো হয়।

পিকনিকে বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ এবং পাশে মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি।

Competency Based Training Program

অনষ্ঠানে সনদপত্র বিতরণ করছেন মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরী শিক্ষা বোর্ড এর স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্টের উদ্যোগে যুব উন্নয়ন অধিদপ্তরের তত্বাবধানে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের ব্যবস্থাপনায় ঈড়সঢ়বঃবহপু ইধংবফ ঞৎধরহরহম চৎড়মৎধস (০১ -০৫ ফেব্রুয়ারী) অনুষ্ঠিত হয়। এ উপলক্ষ্যে আয়োজিত সমাপনী ও সনদপত্র বিতরণ অনষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। তিনি বলেন, প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞান মাঠ পর্যায়ে সকলের মাঝে যথাযথ ভাবে ছড়িয়ে দিতে হবে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এম ডি পি এর উপ-পরিচালক মোঃ নূরুল হক ও শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের প্রাক্তন পরিচালক মুঃ আল আমীন চৌধুরী। প্রোগ্রাম কো-অর্ডিনেটর হিসেবে উপস্থিত ছিলেন উপ-পরিচালক (প্রশিক্ষণ) মাসুদা আকন্দ।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের পরিচালক মোঃ রফিকুল ইসলাম তিনি সকলকে কোর্সে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানান।

ন্যাশনাল ইয়ুথ লিডারশিপ ফোরামের সভা অনুষ্ঠিত

২২ মার্চ শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে ন্যাশনাল ইয়ুথ লিডারশিপ ফোরামের নির্বাহী পরিষদের উদ্যোগে একটি জরুরি সভা অনুষ্ঠিত হয়। ফোরামের সভাপতি শ্রাবন্তী রানীর সভাপতিত্বে উপস্থিত ছিলেন প্রফেসর ড. নাজমুল আহসান কলিমুল্লাহ, চেয়ারম্যান, জাতীয় নির্বাচন পর্যবেক্ষণ পরিষদ ও প্রফেসর ঢাকা বিশ্ববিদ্যালয় ও শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের প্রাক্তন পরিচালক মুঃ আল আমীন চৌধুরী, বর্তমান পরিচালক মোঃ রফিকুল ইসলাম এবং সহকারী পরিচালক (গবেষণা) মোঃ শহীদুল ইসলাম।

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে যুব সমাবেশ ২০১৩ আয়োজিত

‡kL nvwmbv RvZxq hye †K‡›`ª Av‡qvwRZ ÔÔhye mgv‡ekÕÕ Abyôv‡b †¯^”Qv‡mex hye msMVK wn‡m‡e hye Dbœqb Awa`ßi 04(Pvi) Rb †kªô hyeKgx©‡K †µ÷ cÖ`vb K‡i| mgv‡ek Abyôv‡b Dcw¯’Z wQ‡jb hye I µxov gš¿Yvj‡qi mwPe b~i †gvnv¤§` Ges gnvcwiPvjK AwmZ

সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ এবং মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি।

প্রশিক্ষণের জানালা

প্রশিক্ষক প্রশিক্ষণ ঃ যুব উন্নয়ন অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন "স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট" এর যৌথ উদ্যোগে "ছাব্বিশটি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় ১৫টি যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে কেন্দ্র প্রধান, প্রশিক্ষণ টীম এবং সদর কার্যালয়ের প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাসহ মোট ৭২ জন কর্মকর্তা সফলতার সাথে "CBT (Competency Based Training) Padagogy Phase-ও" কোর্সটি সম্পন্ন করেছেন।

বিশেষ প্রশিক্ষণঃ আদিবাসী ও উদ্যোক্তা উন্নয়ন সংক্রান্ত (স্থানীয় চাহিদার ভিত্তিতে)ঃ

ক্রঃ নং	প্রশিক্ষণের নাম	মেয়াদ (দিন)	জেলার নাম (অনুষ্ঠিত)	জেলার নাম (অনুষ্ঠিতব্য)
০১.	"তাঁত শিল্প উন্নয়ন বিষয়ক" প্রশিক্ষণ (মণিপুরী)	১৫(পনের)	মৌলভীবাজার (কমলগঞ্জ)	
০২.	"ছাগল, ভেড়া ও গাড়ল(দুম্বা) পালন বিষয়ক" প্রশিক্ষণ	১৫(পনের)	মাগুরা, মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল ও যশোর	
০৩.	"কবুতর পালন বিষয়ক" প্রশিক্ষণ	১৫(পনের)		মাগুরা
০৪.	"মৌমাছি পালন ও মধু আহরণ বিষয়ক" প্রশিক্ষণ	১৫(পনের)		মাগুরা
০৫.	"মাশরুম চাষ বিষয়ক" প্রশিক্ষণ	১৫(পনের)		রাঙ্গামাটি
০৬.	"তাঁত শিল্প উন্নয়ন (রাখাইন) বিষয়ক" প্রশিক্ষণ	১৫(পনের)		পটুয়াখালী (কলাপাড়া)

গ্রামীন যুবদের জন্য উন্নততর প্রশিক্ষণের বিশেষ সুযোগ ঃ গ্রামীণ যুবদের দোর গোড়ায় প্রশিক্ষণ পৌঁছানোর জন্য উপজেলা পর্যায়ে মোবাইল ভ্যানে "কম্পিউটার প্রশিক্ষণ" কোর্স চলতি অর্থ বছরের এপ্রিল, ২০১৪ থেকে শুরু করা হবে। বেকার যুবদের বিশেষত চাকুরী পাওয়ার যোগ্য "সোলার টেকনিশিয়ান" তৈরীর প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে।

সমঝোতা স্মারক স্বাক্ষরিত

সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

৩ ফেব্রুয়ারি প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর ও সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর যৌথ উদ্যোগে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান ও আত্মকর্মী সৃষ্টির লক্ষ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তর মাঠ পর্যায়ে এসডিএফ কর্তৃক নির্বাচিত বেনিফিসিয়ারিদের প্রয়োজনীয় প্রশিক্ষণ সহায়তা প্রদান করবে, যাতে করে সার্বিক গ্রামীণ উন্নয়নে অবদান রাখা সম্ভব হয়। আবুল হাসান খান, পরিচালক (পরিকল্পনা) এর উপস্থাপনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসডিএফ এর চেয়ারম্যান (সাবেক সচিব) এম আই চৌধুরী।

যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি এবং এসডিএফ এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক এ,জে,এম, সাখাওয়াত হোসেন সমঝোতা স্মারক স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি এবং এসডিএফ এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক এ,জে,এম, সাখাওয়াত হোসেন সমঝোতা স্মারক স্বাক্ষর করেন।

পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ তরান্বিত করার লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক পরিচালনাধীন দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয় সঞ্চারণমূলক কাজে নিয়োজিতকরণ কার্যক্রমে পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের সহযোগী সংস্থাদের দ্বারা পরিচালিত ক্ষুদ্র উদ্যোগ ঋণ কার্যক্রমের মাধ্যমে ঋণ সহায়তা প্রদানে সম্মত হয়েছে ।

যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমের সাথে পিকেএসএফ এর কার্যক্রম সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়নের উদ্যোগ যুবসমাজের কর্মসংস্থান সৃষ্টি ও স্বাবলম্বী হওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে পিকেএসএফ এর সমঝোতা স্মারক বিনিময়

শিক্ষা মন্ত্রণালয়ের সাথে MoU স্বাক্ষর

গড়ট স্বাক্ষরঃ যুব উন্নয়ন অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন স্কিলস ডেভেলপমেন্ট প্রজেক্ট এর যৌথ উদ্যোগে যুব উন্নয়ন অধিদপ্তরের ১৫টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের (পঞ্চগড়, গাইবান্ধা, লালমনিরহাট, পাবনা, নওগাঁ, নাটোর, দিনাজপুর, শেরপুর, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, নোয়াখালী, বি-বাড়ীয়া, খুলনা, চাঁদপুর ও মাগুরা) প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ০৫-০৩-২০১৪ খ্রিঃ তারিখে একটি গড়ট স্বাক্ষরিত হয়েছে।

পটুয়াখালীতে আঞ্চলিক কর্মশালা

আঞ্চলিক কর্মশালায় সভাপতিত্ব করেন মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি, মঞ্চে উপবিষ্ঠ গোলাম মেজবাহ উদ্দিন, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও এরশাদ উর রশীদ, পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ)।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত পটুয়াখালী জেলায় ১৩ ফেব্রুয়ারি তারিখ সকাল ৯.০০ ঘটিকায় বরিশাল বিভাগে যুব সংগঠক সফল আত্মকর্মী, যুব পুরস্কারপ্রাপ্ত যুবক ও যুবমহিলা, জেলা উপজেলা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সাথে যুব কর্মসূচি গতিশীলকরণ বিষয়ক মত বিনিময় সভা এবং ঋণ কার্যক্রম বাস্তবায়ন ও মূল্যায়ন বিষয়ক আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি। এছাড়াও কর্মশালায় উপস্থিত ছিলেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) গোলাম মেজবাহ উদ্দিন এবং পরিচালক (দারিদ্র্য বিমোচন ও ঋণ) এরশাদ উর রশীদ সহ বরিশাল, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালী ও বরগুনা জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং এ সকল জেলার আওতাধীন উপজেলা কার্যালয় সমূহের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং ক্রেডিট সুপারভাইজারগণ। মত বিনিময় সভায় যুব সংগঠক, সফল আত্মকর্মী, যুব পুরস্কারপ্রাপ্ত যুবক ও যুবমহিলারা অংশগ্রহণ করেন।

এ টু আই প্রোগ্রামের আওতায় ইনোভেশন অফিসারদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ

১০ মার্চ সকাল ১০ টায় যুবভবনের সম্মেলন কক্ষে অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে বিপিএটিসি কর্তৃক চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসারদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণের লক্ষ্যে এক সমীক্ষামূলক সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন টিমের কর্মকর্তা ছাড়াও ঔষধ প্রশাসন ও ডাক বিভাগের সংশিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অধিদপ্তরের মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি ইনোভেশন কর্মসূচিকে স্বাগত জানিয়ে উৎসাহিত করেন। বিপিএটিসির পরিচালক (প্রশিক্ষণ) ছানাউর জাহান ভুঞা বিষয়টি পরিচালনা ও উপপরিচালক শফিকুল হক উপস্থাপন করেন। অনুষ্ঠানে অধিদপ্তরের বিভিন্ন শাখার কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/ জেলা/ উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বর্তমানে বিদ্যমান আইসিটি ফোকাল পয়েন্ট এর পদনাম মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং অধিদপ্তর/ সংস্থা/ জেলা/ উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসার হিসেবে পরিবর্তিত হবে।

মহান স্বাধীনতা দিবস- ২০১৪ইং উদ্‌যাপন উপলক্ষে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের কর্মসূচি

মহান স্বাধীনতা দিবস- ২০১৪ইং উদ্‌যাপন উপলক্ষে জাতীয় স্মৃতি সৌধে শহীদদের প্রতি কর্মকর্তা ও কর্মচারীবৃন্দসহ পুষ্পস্তবক অর্পন ও শ্রদ্ধা নিবেদন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক অসিত কুমার মুকুটমণি এবং শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের পরিচালক মোঃ রফিকুল ইসলাম ও অন্যান্য কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য জাতীয় স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পন করেন। মহাপরিচালক এর নেতৃত্বে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের অডিটরিয়াম সংলগ্ন মাঠে জাতীয় কর্মসূচীর অংশ হিসেবে সমবেতভাবে লাখো কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন করেন।

মহাপরিচালক এর নেতৃত্বে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের অডিটরিয়াম সংলগ্ন মাঠে জাতীয় কর্মসূচীর অংশ হিসেবে সমবেতভাবে লাখো কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন,

কেন্দ্রের বিভিন্ন বয়সী শিশুদের দুইটি গ্রুপে চিত্রাংকন প্রতিযোগিতা, কর্মকর্তা, কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগিতা, শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে মিলাদ মাহফিল এবং সন্ধ্যা ৭:৩০ মিনিটে কেন্দ্রের হলরুমে প্রশিক্ষণার্থী ও শিশুদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

লাখো কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন মহান স্বাধীনতা দিবস- ২০১৪ খ্রিঃ অংশগ্রহণ

মহান স্বাধীনতা দিবস- ২০১৪ইং উদ্‌যাপন উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) গোলাম মেজবাহ উদ্দিন এর নেতৃত্বে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে জাতীয় প্যারেড স্কয়ারে সমবেতভাবে লাখো কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনায় অংশ গ্রহণ করেন সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ। একই সাথে প্রায় ৩ লক্ষ লোক জাতীয় সংগীত পরিবেশন করেন যা গিনেস বুক অব ওয়ার্ল্ডে লিপিবদ্ধ হয়।

পরিচালক (প্রশাসন ও অর্থ) এর নেতৃত্বে জাতীয় প্যারেড স্কয়ারে সমবেতভাবে লাখো কণ্ঠে জাতীয় কর্মসূচীর অংশ হিসেবে জাতীয় সংগীত পরিবেশনায় অংশগ্রহণ।

যুব তথ্য কণিকা

নং	কর্মকাণ্ডের বিষয়	জুন ২০১৩ পর্যন্ত অর্জন	অর্জন ২০০৯-ডিসেম্বর ২০১৩	জানুয়ারি-মার্চ ২০১৪
০১.	বেকার যুবদের প্রশিক্ষণ	৪০,৪৬,১৫৯ জন	১০৩১৫৮৯ জন	৭১৬৪০ জন
০২.	প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান	১৯,৯৪,৯৬৫ জন	৪৮৫৯৪১ জন	২৭৪২৩ জন
০৩.	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রদান	৬৩,৯০৩ জন	৭০৫৯৯ জন	৭১৭ জন
০৪.	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় কর্মসংস্থান সৃষ্টি	৬৩,১৫৬ জন	৬৯৮০৪ জন	৭১৭ জন
০৫.	ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ	১১৭০৩০.৬২ লক্ষ টাকা	৩৮১৬৪.৫১ লক্ষ টাকা	১৯৭৯.৩১ লক্ষ টাকা
০৬.	ক্ষুদ্র ঋণ গ্রহণকারীর সংখ্যা	৭,৯৬,৭১০ জন	১০৪১৯৫ জন	৪১৩৮ জন
০৭.	মোটর সাইকেল বিতরণ	-	২৩০টি	২১২টি
০৮.	বৃক্ষরোপন	-	১৫৮১৬০টি	৫১৭২৪টি
০৯.	যুব সংগঠন তালিকাভুক্তি	১৬৬৩৯	৯১৫১ টি	৮৩ টি

সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস

বিবেকানন্দ মন্ডল

পিতা- হরেন্দ্র নাথ মন্ডল, মাতা- ডলী রানী
৫নং দ্বারিয়াপুর, গ্রাম-গোয়ালদহ, উপজেলা-শ্রীপুর, মাগুরা ।

যুব উন্নয়ন অধিদপ্তর হতে 'গবাদি পশু, হাঁস মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ, কৃষি ও যুব উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে বিবিকানন্দ মন্ডল প্রাথমিকভাবে দশটি গবাদি পশু, বাসস্থান এবং ৪২,০০০/-টাকা মুলধন নিয়ে বিবেকানন্দ দুগ্ধ খামার নামে প্রকল্প স্থাপন করেন। অতঃপর যুব উন্নয়ন অধিদপ্তর হতে ৪৮,০০০/- টাকা ঋণ গ্রহণ এবং যথারীতি পরিশোধ করেন। বর্তমানে তার মুলধন ৪,৫০,০০০/-টাকা । বিবেকানন্দের প্রকল্পে বর্তমানে ০৩(তিন) জন লোক কর্মরত আছেন। প্রকল্পের মাসিক নীট আয় ১৭,০০০/- টাকা । বিবেকানন্দের ইচ্ছা তার প্রকল্পটির আকার বৃদ্ধি করে একটি লেয়ার ফার্ম তৈরী এবং কিছু জনবলের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা । আগামীতে আরও উত্তরোত্তর সাফল্য অর্জণের লক্ষ্যে উন্নত প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা প্রয়োজন বলে বিবেকানন্দ অবহিত করেন ।

ওবাইদুল মান্নান

পিতা-ফজর করিম, গ্রাম-দক্ষিণ খারুলিয়া,
ডাকঘর-খারুলিয়া, থানা + জেলা কক্সবাজার ।

ওবাইদুল মান্নান ২০০৩ সালে আলিম পাশ করার পর সম্পূর্ণ বেকার অবস্থায় ছিলেন। তার বাবা একজন কৃষক। পরিবারটা ছিল খুবই বড়। ৫ ভাই ৪ বোন। ভাইদের মধ্যে সে ৪র্থ। তিন জন বড় ভাই বিয়ে করে পৃথক হয়ে যায়।

এই অবস্থায় তিনি জানতে পারেন যে, আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে বেকার যুবক-যুব মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হয়। কক্সবাজার জেলা কার্যালয় হতে বিস্তারিত জেনে তাদের পরামর্শ অনুযায়ী কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে ০৩(তিন) মাস মেয়াদী গবাদিপশু ও হাঁস-মুরগী পালনসহ প্রাথমিক চিকিৎসা এবং মৎস্য চাষ বিষয়ক ত্রৈমাসিক প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেন এবং বড় ও মেঝ ভাইয়ের নিকট হতে ৪০,০০০/-(চলিশ হাজার) টাকা ও মায়ের নিকট থেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা গ্রহণ করে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নিয়ে ৫০০ মুরগীর একটি শেড তৈরী করেন। সেইখানে ৩০০ লেয়ার মুরগী পালন করে সেই বছরে তার লাভ হয় ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং বর্তমানে তার ৪০০০ (চার হাজার) লেয়ার মুরগী আছে। ৩টি শেড যার আয়তন ৪০ শতক, মাসিক আয় ৫৫,৫০০/-(পঞ্চান্ন হাজার পাঁচশত) টাকা বর্তমানে তার অধীনে ৪ জন কর্মচারী আছেন তাছাড়া যুব উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার সদর উপজেলা কার্যালয়ের মাধ্যমে পরিচালিত বিভিন্ন ভ্রাম্যমান/ অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষক হিসাবেও তিনি প্রশিক্ষণ দিয়ে থাকেন। এলাকার বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ এবং বেকার যুবক ও যুব মহিলাদের বেকারত্ব নিরসনের লক্ষ্যে বিভিন্ন আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের জন্য উদ্বুদ্ধ করেন। ওবাইদুল মান্নান ২০০৫ সালে প্রকল্প শুরু করেন এবং বর্তমানে তিনি একজন সফল আত্মকর্মী।

ঝন্টু কুমার ঘোষ

পিতা দ্বীজেন্দ্র কুমার ঘোষ, মাতা রতি রানী ঘোষ
চকমিরপুর,উপজেলা-দৌলতপুর, জেলা-মানিকগঞ্জ।

ঝন্টু যুব উন্নয়ন অধিদপ্তর হতে গাভি পালন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে বেকার না থেকে প্রাথমিকভাবে ৮০ হাজার টাকা বিনিয়োগ করে ঝন্টু দুগ্ধ খামার নামে একটি দুগ্ধ উৎপাদন খামার প্রতিষ্ঠা করেন। তিনি কোন প্রকার ঋণ গ্রহণ ছাড়াই নিজ উদ্যোগে এবং যুব উন্নয়ন কর্মকর্তা দৌলতপুর এর পরামর্শ মোতাবেক তার খামার পরিচালনা করে আসছেন। বর্তমানে তার মাসিক আয় ১৮ হাজার টাকা। ঝন্টুর ভবিষ্যত পরিকল্পনা হচ্ছে খামারটি সম্প্রসারণ করা।

রোকসানা পারভীন দীপু

রোডন-৩৮, সেকশন -৬, মিরপুর, ঢাকা।

দীপু বর্তমানে 'প্রতিবেশী কুটির শিল্পের' পরিচালিকা হিসেবে নিয়োজিত। ছোটবেলায় বাবা মাকে হারিয়ে চাচার বাড়ীতে অতিকষ্টে জীবন যাপনকালে ১৪ বছর বয়সে বিয়ে হয়ে যায় তার। সেখানেও বিভিন্ন পারিবারিক সমস্যার সম্মুখীন হতে হয়। পরিশেষে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে সেলাই কোর্সের উপর প্রশিক্ষণ নিয়ে ২৫ হাজার টাকা ঋণ গ্রহণ করেন এবং শুরু হয় তার সংগ্রামী ও সফলতার জীবন। পরবর্তীতে তিনি মাষ্টারস ও এমবিএ সম্পন্ন করেন এবং পাশাপাশি 'প্রতিবেশী কুটির শিল্প' নামে একটি ছোট সংগঠন গড়ে তুলে অসংখ্য বেকার মহিলাকে প্রশিক্ষিত করে সুন্দর জীবনের পথ দেখিয়ে যাচ্ছেন। প্রতি বছর ৩ থেকে ৪ হাজার মহিলা রোকসানার সংগঠন হতে রান্না, পার্লারের কাজ, বক-বাটিক ও গিফট আইটেম প্রস্তুতসহ প্রায় ২০০ বিষয়ে প্রশিক্ষণ নিয়ে নিজ পায়ে দাড়াচ্ছেন।

'প্রতিবেশী কুটির শিল্পের' আয় দিয়ে রোকসানা মীরপুর ৬ নং সেকশনে 'প্রতিবেশী কুটির শিল্প ভবন' নামে (সমিতির মাধ্যমে) ১টি ৬ষ্ঠ তলা ভবন নির্মাণ করেন এবং সাভারে ১০ কাঠা জায়গার উপর তিন তলা বিশিষ্ট এতিমখানার নির্মাণ কাজ এগিয়ে নিয়ে যাচ্ছেন। এতিমখানার নীচতলায় মার্কেট হবে, যার অর্থ দিয়ে এতিমখানা ও বৃদ্ধাশ্রমের ব্যয়ভার চলবে বলে রোকসানা আশাবাদ ব্যক্ত করেন।

মোঃ লুৎফর রহমান

পিতা-আঃ লতিফ, মাতা- আলেয়া বেগম
মাটিরাংগা, খাগড়াছড়ি।

মোঃ লুৎফর রহমান যুব উন্নয়ন অধিদপ্তর হতে গবাদি পশু ও হাঁস-মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। বর্তমানে তিনি গাভী পালন, পরিবহণ ব্যবসা ও কৃষি কাজে আত্মনিয়োগ করেন এবং এসব খাতে প্রাথমিকভাবে প্রায় ১,৫০,০০০/- টাকা এবং পরে ৬০,০০০ টাকা বিনিয়োগ করেন। বর্তমানে তার মাসিক আয় ৬০,০০০/-টাকা। যুবদের মনোবল আর যুব উন্নয়ন অধিদপ্তর এক হয়ে কাজ করলে দেশ একদিন সত্যিই বিশ্ব কবি রবি ঠাকুরের 'সোনার বাংলায়' পরিণত হবে বলে লুৎফর মনে প্রাণে বিশ্বাস করেন ।

বিসিএস (প্রশাসন) কর্মকর্তাদের যুব কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান

১৩ ফেব্রুয়ারি যুব ভবনের সম্মেলন কক্ষে বিসিএস (প্রশাসন) কর্মকর্তাদের যুব কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান করা হয়। এতে ০৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

পরিচালক (পরিকল্পনা) মোঃ আবুল হাছান খান এর সভাপতিত্বে ও পরিচালনায় পাওয়ার পয়েন্টে যুব কার্যক্রমের সার্বিক দিক উপস্থাপন করা হয়। প্রশিক্ষণ সম্পর্কে তথ্য প্রদান করেন উপপরিচালক মাসুদা আখন্দ। যুবঋণ সম্পর্কে তথ্য প্রদান করেন উপপরিচালক (দাঃ বিঃ ও ঋণ) মফিজুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপ প্রকল্প পরিচালক (জোরদারকরণ প্রকল্প) মোঃ মোস্তাফিজুর রহমান এবং উপপরিচালক (ন্যাশনাল সার্ভিস কর্মসূচি) অসিত কুমার সূত্রধর ।

পরিচালক (পরিকল্পনা) মোঃ আবুল হাছান খান এর সাথে অধিদপ্তরের এবং বিসিএস প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।

যুব পরিবারের সাফল্যকথা

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের সহকারি পরিচালক মোঃ শহীদুল ইসলাম (কাজী শহীদ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ.ডি ডিগ্রী লাভ করেছেন। তাঁর গবেষণার বিষয় "দারিদ্র্য বিমোচনে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মসূচির ভূমিকা: সাভার উপজেলার একটি কেস স্টাডি

(Role of Activities of Department of Youth Development in Poverty Alleviation: A Case Study of Savar Upazila)। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের প্রফেসর ও বিশিষ্ট সমাজ গবেষক মো: আব্দুল মান্নানের তত্ত্বাবধানে দীর্ঘ চার বছর সফল গবেষণার পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট তাঁকে এ ডিগ্রী প্রদান করে। তিনি নাটোর জেলার লালপুর উপজেলাধীন কলসনগর গ্রামের সম্ভ্রান্ত কাজী পরিবারের মরহুম কাজী তাছের উদ্দিন ও খোদেজা বেগমের কনিষ্ঠ পুত্র।

কাইজেন অফিসার মনোনীত

Improving Public Services through Total Quality Managemenঃ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে বিভিন্ন অধিদপ্তর হতে প্রদত্ত জনবলের মানোন্নয়নের উদ্দেশ্যে ক্ষুদ্র ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (কাইজেন) বাস্তবায়নে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ গজনবী খান এর আন্তরিক ও সফল ভূমিকার জন্য প্রকল্প কর্তৃক তাকে 'কাইজেন অফিসার' হিসেবে স্বীকৃতি দেয়া হয়।

জাপানে কাইজেন এ্যাকটিভেটিস সরেজমিনে দেখার জন্য ২৮ মার্চ তারিখে অনুষ্ঠিতব্য National Municipality Kizen Convention এ যোগদানের জন্য তিনি PIO I JICA Expert Team কর্তৃক মনোনীত হয়েছেন ।

জান্নাতুল ফেরদৌস (ফাহিমা) ২০১৩ সালে অনুষ্ঠিত পিএসসি পরীক্ষায় বাকেরগঞ্জ সরকারি মডেল বিদ্যালয় থেকে জিপিএ -৫ সহ টেলেন্টপুলে বৃত্তি পেয়েছে। সে বাকেরগঞ্জ জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত ডেপুটি কো-অর্ডিনেটর মুসা কালিম উল্যাহ এবং তাহিমা আকতার এর কন্যা। জান্নাতুল ভবিষ্যতে একজন ডাক্তার হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় । সে সকলের দোয়া প্রার্থী ।

সুব্রত বিশ্বাস উষ্ণ ২০১৩ সালে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় জিপিএ-৫ সহ ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। সে যুব প্রশিক্ষণ কেন্দ্র নরসিংদির প্রধান সহকারী কাম হিসাব রক্ষক সুকদেব কুমার বিশ্বাস এবং সুজাতা বিশ্বাস এর পুত্র। সুব্রত সকলের দোয়া প্রার্থী ।



রায়হান আহমেদ শুভ ২০১৩ সালে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী পরিক্ষায় খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় হতে অংশগ্রহণ করে জিপিএ -৫ পেয়েছে। সে এ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত মোঃ আহসান হাবিব সরকার এবং মিসেস সামছুন নাহার এর পুত্র । রায়হান সকলের দোয়া প্রার্থী ।

মীর মেহেদী হাসান ২০১৩ সালে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ডেইরী ফার্ম প্রাথমিক উচ্চ বিদ্যালয় হতে অংশগ্রহণ করে জিপিএ-৫ সহ টেলেন্টপুলে বৃত্তি পেয়েছে। সে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের উচ্চমান সহকারী নাজমুন নাহার ও মীর গোলাম মোস্তফার পুত্র ।

এ,বি,এম-কাউসার জামান (তপু) ২০১৩ সালে অনুষ্ঠিত এইচ,এস,সি পরীক্ষায় উত্তরা রাজউক মডেল কলেজ থেকে জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয় এবং মেধা ট্যালেন্টে ১ম স্থান অধিকার করে। বর্তমানে সে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি সম্মান কোর্সে ১ম বর্ষে অধ্যায়নরত। কাউসার জামান বরিশাল জেলায় কর্মরত উপপরিচালক মোঃ সামসুজ্জামান এবং মাতা হোমনা 'খাদিজা মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা মিসেস কামরুন নাহার এর পুত্র । সে সকলের দোয়া প্রার্থী।